ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স- ১০৯২</u>
আগরতলা, ৬ জুন, ২০২৫

## দূষণমুক্ত পরিবেশ ও রাজ্য গড়ে তোলার জন্য রাজ্যপালের আহ্বান




দূষণমুক্ত পরিবেশ ও রাজ্য গড়ে তোলার জন্য রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকল রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। ট্রেডার উদ্যোগে রাজভবনে নির্মিত ৪০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন রুফটপ সোলার পাওয়ার প্ল্যান্টের উদ্বোধন করে রাজ্যপাল এ আহ্বান জানান। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার পুনর্নবীকরণ শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের উপর বিশেষ জোর দিয়েছে। যার জন্য বর্তমান সময়ে সাধারণ মানুষকে সোলার পাওয়ার প্ল্যান্ট বসানোর জন্য ভর্তুকিও দেওয়া হচ্ছে। রাজ্যপাল রাজ্যবাসীকে নিজেদের বাড়ির ছাঁদে সোলার পাওয়ার প্ল্যান্ট বসিয়ে নিজেদের বিদ্যুৎতের প্রয়োজনীয়তা মেটানোর পাশাপাশি উদ্বৃত্ত বিদ্যুৎ দপ্তরের নিকট বিক্রয় করার জন্য পরামর্শ দেন। তিনি আরও বলেন, গ্রামীণ এলাকায় স্বসহায়ক দলের মাধ্যমে এই ধরণের পাওয়ার প্ল্যান্ট বসিয়ে সাধারণ নাগরিকদের বাড়িতে বিদ্যুৎ পরিষেবা প্রদান করা যেতে পারে। তাছাড়া কৃষিক্ষেত্রে সোলার পাওয়ার প্ল্যান্ট বিশেষ ভূমিকা নিতে পারে। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজভবনের সচিব ইউ কে চাকমা, ট্রেডার অধিকর্তা দেবব্রত শুক্ল দাস প্রমুখ। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******